তারিখ 10 APR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

দৈনিক জনকণ্ঠ

# মেয়াদ শেষ হতে চললেও পূর্ণাঙ্গ কমিটি হয়নি ঢাবি ছাত্রলীগের

**মুহাম্মদ ইব্রাহীম সুজন ॥** নতুন কমিটির মেয়াদ শেষ হয়ে যাওয়ার উপক্রম হলেও ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার পূর্ণাঙ্গ কমিটি হয়নি। গত বছরের ১৮ জুন সংগঠনটির ঢাবি শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ঘোষণা করে নতুন কমিটি গঠন করা হয়েছিল। গঠনতন্ত্র অনুযায়ী আর মাত্র তিন মাস পরই মেয়াদ শেষ হয়ে যাবে ঢাবি ছাত্রলীগের বর্তমান কমিটির। পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করতে পদপ্রত্যাশীদের কাছ থেকে জীবনবৃত্তান্ত সংগ্রহ করা হয়েছে ছয় মাস আগে। নতুন এই কমিটির পূর্ণ মেয়াদ শেষ হতে চললেও এখনও পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়নি। এ নিয়ে পদপ্রত্যাশী তরুণ শিক্ষার্থীদের মাঝে হতাশা ও ক্ষোভ দেখা দিয়েছে। ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির অধীনে জেলা পদমর্যাদার ঢাবি শাখা অন্যতম গুরুত্বপূর্ণ ইউনিট। গঠনতন্ত্র অনুসারে এই

ছিলেন। নতুন করে এসব কমিটি গঠিত না হওয়ায় তারা একই সঙ্গে দুটি ক্ষেত্রেই দায়িত্ব পালন করছেন। কেন্দ্রে পদ পেয়ে অনেকেই হল ছেড়েছেন। তাদের সেসব পদে নতুন করে কাউকে দায়িত্ব দেয়া হয়নি। মাস্টার দা' সূর্য সেন হলের সভাপতি এখন কেন্দ্রের সাংগঠনিক সম্পাদক। হলে না আসায় তার ৪২১ নম্বর রুমটি তালাবদ্ধ থাকে। ফলে হলটির সভাপতির পদ কার্যত শূন্য। প্রতিটি হলের এরকম দৃশ্যই কমবেশি এরকম।